# REGIONAL NEWS UNIT
# ALL INDIA RADIO, AGARTALA
# Date: 16-05-2026
# Time: 07:55-08:05 PM Hrs
# BENGALI EVENING BULLETIN

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, সরকারের সব দপ্তর সুস্থ প্রতিযোগিতার মাধ্যমে উন্নয়নকে এগিয়ে নিয়ে যাচ্ছে |**

**(২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নেদারল্যান্ড সফরকালে প্রবাসী ভারতীয়দের উদ্দেশ্যে ভাষণ দেন এবং নেদারল্যান্ডসের শীর্ষ ব্যবসায়ীদের সঙ্গে বৈঠকে মিলিত হন।**

**(৩) সিবিআই নিট-ইউজি ২০২৬ পরীক্ষার জীববিজ্ঞান প্রশ্নপত্র ফাঁসের ঘটনায় জড়িত এক শিক্ষিকাকে গ্রেপ্তার করেছে।**

**(৪) ছত্তিশগড়ে স্বামী বিবেকানন্দ স্মৃতি অনূর্ধ্ব ২০ বছরের ফুটবলের জাতীয় প্রতিযোগিতায় ত্রিপুরা কোয়ার্টার ফাইনালে উঠেছে।**

*********************************************************

**CM:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা মুখ্যমন্ত্রী হিসেবে তাঁর চার বছর পূর্তি উপলক্ষে আজ সংবাদ মাধ্যমকে বলেছেন, রাজ্য সরকারের সব দপ্তর সুস্থ প্রতিযোগিতার মাধ্যমে উন্নয়নকে এগিয়ে নিয়ে যাচ্ছে৷ সরকারের মূল লক্ষ্য হচ্ছে উন্নয়ন। স্বাস্থ্য ও শিক্ষা ক্ষেত্রে উল্লেখযোগ্য অগ্রগতি হয়েছে, মেডিকেল আসন বৃদ্ধি, নতুন পরিষেবা চালু ও কলেজ বৃদ্ধির ফলে বাইরে পড়তে যাওয়ার প্রবণতা কমেছে। তিনি জানান, স্বচ্ছতার সঙ্গে ২২ হাজারের বেশি চাকরি প্রদান

করা হয়েছে এবং আগামী দিনে ১০০ শতাংশ উন্নয়নের লক্ষ্যে সরকার কাজ চালিয়ে যাবে।

***************************

**CM-Data Centre:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা. মানিক সাহা বলেছেন, রাজ্য সরকার বাস্তবের সাথে তাল মিলিয়ে সংস্কারমূলক কাজ করে যাচ্ছে। আজ আগরতলার কুঞ্জবনস্থিত বিশ্বেশ্বরায় কমপ্লেক্সে পূর্ত দপ্তরের জলসম্পদ বিভাগের উদ্যোগে আয়োজিত স্টেট ডাটা সেন্টারের উদ্বোধন অনুষ্ঠানে তিনি একথা বলেন| তিনি বলেন, স্টেট ডাটা সেন্টার স্থাপনের ফলে রাজ্যের কৃষি জমিতে জলসেচ ব্যবস্থার প্রসার ঘটবে এবং বন্যা নিয়ন্ত্রণেও ভূমিকা নেবে। ন্যাশনাল হাইড্রোলজি প্রজেক্টের আওতায় রাজ্যের এই স্টেট ডাটা সেন্টারটি গড়ে তুলতে প্রথম পর্যায়ে ব্যয় করা হয় ৪ কোটি ৬৭ লক্ষ টাকা। দ্বিতীয় পর্যায়ে এই ডাটা সেন্টারের জন্য ব্যয় করা হবে ৪ কোটি ৫০ লক্ষ টাকা।

মুখ্যমন্ত্রী আরও বলেন, বিভিন্ন নদীর ভাঙ্গন রোধে ১৯৩টি বন্যা নিয়ন্ত্রণ প্রকল্পের কাজ রূপায়ণ করা হবে। আগরতলা সহ গোমতী জেলার বিভিন্ন স্থানে বন্যার জল নিয়ন্ত্রণে রাজ্য সরকার বিশেষ উদ্যোগ নিয়ে কাজ করছে|অনুষ্ঠানে বক্তব্য রাখেন পূর্ত দপ্তরের সচিব পি. কে. গোয়েল।

***************************

**PM-Netherlands:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নেদারল্যান্ড সফরকালে প্রবাসী ভারতীয়দের উদ্দেশ্যে ভাষণ দেন এবং নেদারল্যান্ডসের শীর্ষ ব্যবসায়ীদের সঙ্গে বৈঠকে মিলিত হন। যেখানে হাজারো প্রবাসী উপস্থিত ছিলেন। প্রধানমন্ত্রী শ্রী মোদি বলেন, সাম্প্রতিক ভারত-ইউরোপ মুক্ত বাণিজ্য চুক্তির প্রেক্ষিতে এই সফর

অত্যন্ত গুরুত্বপূর্ণ। সেমিকন্ডাক্টর, কৃত্রিম বুদ্ধিমত্তা, নবায়নযোগ্য শক্তি, সবুজ হাইড্রোজেন ও জল ব্যবস্থাপনায় দুই দেশের সহযোগিতা আরও দৃঢ় হবে বলে আশা প্রকাশ করেন প্রধানমন্ত্রী। তিনি বলেন, এই দশকটি বিশ্বের জন্য সংকটের দশকে পরিণত হচ্ছে। এখন মানবজাতি বহু গুরুতর চ্যালেঞ্জের সম্মুখীন। প্রথমে ছিল করোনাভাইরাস, তারপর যুদ্ধ, আর এখন রয়েছে জ্বালানি সংকট।

প্রধানমন্ত্রী বলেন, যখন মানুষের স্বপ্ন পূরণ হয়, তখন গণতন্ত্রের প্রতি তাদের বিশ্বাসও দৃঢ় হয়। এখন ভারতের ভোটাররা অত্যন্ত উৎসাহী। ভারতের এই আকাঙ্ক্ষা-চালিত যাত্রা গণতন্ত্রকে আরও শক্তিশালী করছে।

তিনি বলেন, ভারত বর্তমানে বিশ্বের তৃতীয় বৃহত্তম স্টার্টআপ ইকোসিস্টেম। ভারত এখন একটি বৈশ্বিক উৎপাদন কেন্দ্র হতে, সবুজ শক্তিতে নেতৃত্ব দিতে এবং বিশ্বের প্রবৃদ্ধির চালিকাশক্তি হতে চায়।

##########Byte PM##########

****************************

**Package –Kanchanbari Healthy Panchayet :**

ঊনকোটি জেলার কুমারঘাট ব্লকের কাঞ্চনবাড়ি গ্রাম পঞ্চায়েত দেশের সেরা "স্বাস্থ্যবান পঞ্চায়েত" হিসেবে নির্বাচিত হয়েছে। কেন্দ্রীয় পঞ্চায়েতীরাজ মন্ত্রক "দীনদয়াল উপাধ্যায় পঞ্চায়েত সতত বিকাশ পুরস্কার"-এর জন্য এই পঞ্চায়েতকে মনোনীত করেছে। পুরস্কারের অর্থমূল্য এক কোটি টাকা। আগামী মাসের ৩ তারিখে নয়াদিল্লিতে আনুষ্ঠানিকভাবে এই সম্মান তুলে দেওয়া হবে। একটি প্রতিবেদন|

##########V/O##########

****************************

**CPIM:**

সিপিআইএম সদর মহকুমা কমিটির উদ্যোগে আজ আগরতলা শহরে এক বিক্ষোভ মিছিল সংগঠিত করা হয়| সিপিআইএম নেতা অমল চক্রবর্তী জানিয়েছেন, পেট্রোল ডিজেল সহ নিত্যপ্রয়োজনীয় সামগ্রীর মূল্যবৃদ্ধির প্রতিবাদে এই বিক্ষোভ মিছিলের আয়োজন করা হয়েছে|

****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে|

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ|

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা|

****************************

**NEET-UG:**

সেন্ট্রাল ব্যুরো অফ ইনভেস্টিগেশন (সিবিআই) আজ নিট-ইউজি ২০২৬ পরীক্ষার জীববিজ্ঞান প্রশ্নপত্র ফাঁসের ঘটনায় জড়িত এক শিক্ষিকাকে গ্রেপ্তার করেছে। অভিযুক্তের নাম মনীষা গুরুনাথ মানধারে, তিনি মহারাষ্ট্রের পুনের একজন উদ্ভিদবিদ্যার শিক্ষিকা। সিবিআই জানিয়েছে, তিনি নিট ইউজি ২০২৬

পরীক্ষা প্রক্রিয়ার সঙ্গে জড়িত ছিলেন এবং ন্যাশনাল টেস্টিং এজেন্সি কর্তৃক বিশেষজ্ঞ হিসেবে নিযুক্ত হয়েছিলেন।

তদন্তকারী সংস্থা জানিয়েছে, অভিযুক্তের কাছে উদ্ভিদবিদ্যা ও প্রাণিবিদ্যার প্রশ্নপত্রগুলোর সম্পূর্ণ অ্যাক্সেস ছিল। সংস্থাটি আরও জানায়, তিনি এই মাসের ১৪ তারিখে গ্রেপ্তার হওয়া পুনের মনীষা ওয়াগমারের মাধ্যমে সম্ভাব্য নিট (NEET) পরীক্ষার্থীদের সংগঠিত করেছিলেন এবং নিজের পুনের বাসভবনে এই ছাত্রছাত্রীদের জন্য বিশেষ কোচিং ক্লাসের ব্যবস্থা করেছিলেন। এই মামলায় এখন পর্যন্ত দিল্লি, জয়পুর, গুরুগ্রাম, নাসিক, পুনে এবং আহলিয়ানগর থেকে নয়জন অভিযুক্তকে গ্রেপ্তার করা হয়েছে।

****************************

**Dengue:**

দেশজুড়ে আজ জাতীয় ডেঙ্গু দিবস পালিত হচ্ছে। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক জানিয়েছে, বর্ষার আগে সচেতনতা ও প্রতিরোধমূলক ব্যবস্থা দৃঢ় করাই এর মূল লক্ষ্য। কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জে পি নাড্ডা সবাইকে সচেতন হয়ে পরিষ্কার-পরিচ্ছন্ন পরিবেশ বজায় রাখার আহ্বান জানান।

****************************

**Measles-Meeting:**

স্বাস্থ্য দপ্তরের উদ্যোগে আজ কৈলাশহরের ডিএম কনফারেন্স হলে হাম এর প্রাদুর্ভাব ঠেকাতে এবং এবিষয়ে টিকাকরণ এর অগ্ৰগতি পর্যালোচনায় এক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে জানানো হয়, জেলায় হামের প্রাদুর্ভাব অনেকটাই নিয়ন্ত্রণে এবং হাম প্রতিরোধে টিকাকরণ এর হার যথেষ্ট সন্তোষজনক। উপস্থিত ছিলেন, ঊনকোটি জেলার জেলা শাসক ডক্টর তমাল মজুমদার, অতিরিক্ত জেলা শাসক সাগর শোভন দেবনাথ, CMO ডাঃ শীর্ষেন্দু চাকমা, জেলা প্রতিষেধক

আধিকারিক ডাঃ সন্দীপন ভট্টাচার্য সহ বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠানের ভারপ্রাপ্ত চিকিৎসক গণ।

****************************

## DM -Sepahijala:

সারা দেশের সঙ্গে সিপাহীজলা জেলাতেও আগামী ১৮ মে থেকে ২৫ মে পর্যন্ত জনজাতি অধ্যুষিত গ্রামগুলিতে অনুষ্ঠিত হবে "সবসে দূর সবসে পেহেলে"- জন ভাগিদারী অভিযান। সিপাহীজলার জেলাশাসক ডক্টর সির্দ্ধাথ শিব জয়সওয়াল আজ সাংবাদিক সম্মেলনে একথা জানান| এই অভিযানে সিপাহীজলা জেলার ৩৮টি গ্রামে প্রশাসনিক বিভিন্ন সুবিধা পৌঁছে দেওয়া হবে। এই অভিযানে জনগনকে কেন্দ্রীয় ও রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্পের সুবিধা প্রদান করা হবে। জনগন এই কর্মসূচিতে আধার, রেশন কার্ড সহ স্বাস্থ্য পরিষেবা বিষয়ে বিভিন্ন সুবিধা গ্রহণ করতে পারবেন।

****************************

## Yuva Apada Mitra:

খোয়াই জেলায় প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় প্রশিক্ষিত সিভিল ডিফেন্স ও “যুব আপদা মিত্র” স্বেচ্ছাসেবকদের আজ মোট ১৬ লক্ষ টাকার 'জরুরি কিট' বিতরণ এবং “যুব আপদা মিত্র” স্বেচ্ছাসেবকদের সনদপত্র ও পরিচয়পত্র বিতরণ করা হয়। এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন খোয়াই জেলার জেলাশাসক রজত পান্থ, অতিরিক্ত জেলাশাসক অভিজিৎ চক্রবর্তী।

****************************

## Health Secretary:

স্বাস্থ্য সচিব কিরণ গিত্যে আজ  জিবি হাসপাতালে শিশু হৃদরোগের বিশেষ ওপিডি সেন্টারের উদ্বোধন করেন। তিনি নতুনভাবে গড়ে ওঠা মোট ২৫০ জন

এমবিবিএস শিক্ষার্থীর জন্য নির্মীয়মান নতুন শ্রেণি কক্ষের কাজ পরিদর্শন করেন ।এজিএমসি-তে রেডিও ডায়াগনোসিস বিভাগের পরিষেবা আরও উন্নয়নের বিষয় নিয়ে তিনি স্বাস্থ্য আধিকারিকদের সঙ্গে বৈঠক করান|

****************************

**Football:**

ছত্তিশগড়ে স্বামী বিবেকানন্দ স্মৃতি অনূর্ধ্ব ২০ বছরের ফুটবলের জাতীয় প্রতিযোগিতায় ত্রিপুরা কোয়ার্টার ফাইনালে উঠেছে। গ্রুপের তৃতীয় তথা শেষ খেলায়ও রাজ্যদল জয়লাভ করে। আজ ত্রিপুরা ৩-১ গোলে সিকিমকে হারিয়ে দেয়।

****************************

**Weather:**

দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ু আগামী ২৬ মে কেরলমে প্রবেশ করবে। ভারতীয় আবহাওয়া বিভাগ আজ জানিয়েছে, আগামী ২৪ ঘণ্টার মধ্যে দক্ষিণ বঙ্গোপসাগরের কিছু অংশ, আন্দামান সাগর এবং আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জের ওপর দিয়ে দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ুর অগ্রসরের অনুকূল পরিস্থিতি তৈরি হবে। রাজ্যে আগামী মাসের দ্বিতীয় সপ্তাহের মধ্যে দক্ষিন পশ্চিম মৌসুমী বায়ু প্রবেশের সম্ভাবনা রয়েছে|

এদিকে, আগরতলায় আবহাওয়া দপ্তর সুত্রে জানা গেছে আজ থেকে ২৩ মে পর্যন্ত রাজ্যের বিভিন্ন জেলায় বজ্র বিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। উত্তর, উনকোটি, ধলাই, খোয়াই এবং পশ্চিম ত্রিপুরা জেলায় কিছু কিছু স্থানে ঘণ্টায় ৪০-৫০ কিলোমিটার বেগে ঝড়ো হওয়া সহ ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে|

রাজ্যে আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪.৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২২.৭ ডিগ্রি সেলসিয়াস। বিকেল সাড়ে পাঁচটা পর্যন্ত আগরতলায় বৃষ্টিপাতের পরিমান ৪.৫ মিলিমিটার।

****************************

****************************